



তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি
তিতাস গ্যাস ভবন, ১০৫- কাজী নজরুল ইসলাম
এভিনিউ, কাওরান বাজার বা/এ, ঢাকা- ১২১৫।
www.titasgas.gov.bd

নম্বর: ২৮.১৩.০০০০.১৯২.৯৯.০৪৪.২৪.১৬৯

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
১৫ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

প্রাপক:

১। কাওসার আহমেদ (অংশীদার), ২। মাসুদুর রহমান মুন্না (অংশীদার), মেসার্স বরিশাল গ্যাস কনস্ট্রাকশন কোং, ঠিকানাঃ
বি-৫০/২, বাড্ডা, ভাটপাড়া, সাভার, ঢাকা।

**বিষয়: আপনাদের মালিকানাধীন ১.৩ শ্রেণির ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স বরিশাল গ্যাস কনস্ট্রাকশন কোং কে কালো
তালিকাভুক্তকরণ প্রসঙ্গে।**

জনাব,

অবৈধ সংযোগ প্রদান, বিভিন্ন বাসাবাড়ী থেকে অর্থ আদায় এবং অফিসে কিছু লোকজনের সাথে সংশ্লিষ্টতা ইত্যাদির
অভিযোগের প্রেক্ষিতে গত ০৩/১২/২০২৪ তারিখে ঢাকা শহরের দারুস সালাম, মাজার রোড, মিরপুর এলাকায়
মেটাবিবি-৬ হতে অবৈধ উচ্ছেদ ও অবৈধ চুলা ব্যবহারকারীর লাইন বিচ্ছিন্নের জন্য টীম প্রেরণ করা হয়। উক্ত অভিযানে
একই রোডে ৩(তিন) জন গ্রাহকের অনুমোদন অতিরিক্ত চুলায় গ্যাস ব্যবহারের দায়ে গ্যাস সংযোগ বিচ্ছিন্ন করা হয়েছে।
উপস্থিত জনগনের সাথে আলাপচারিতায় আপনি জনাব কাওসার আহমেদ, অংশীদার, মেসার্স বরিশাল গ্যাস
কনস্ট্রাকশন কোং, বি-৫০/২, বাড্ডা, ভাটপাড়া, সাভার, ঢাকা, শ্রেণী/কোড: ১.৩/০৭৫ এর বিরুদ্ধে অবৈধ গ্যাস কারচুপি ও
অবৈধ গ্যাস সংযোগ প্রদানের সাথে সংশ্লিষ্টতা পাওয়া যায়। বর্তমানে আবাসিক খাতে গ্যাস সংযোগ বন্ধ থাকায়
ঠিকাদারের কোন কার্যক্রম না থাকা সত্ত্বেও আপনি জনাব কাওসার আহমেদ সংযোগ বিচ্ছিন্নকালে ঘটনাস্থলে উপস্থিত
হয়ে ব্যবস্থাপক মো. দেলুয়ার হোসেনসহ টিমের লোকজনকে সেক্রিফাইস করতে সুপারিশ করেন এবং বিচ্ছিন্নকারী এক
গ্রাহককে বড় ভাই হিসেবে পরিচয় দেন।

এমতাবস্থায়, উক্ত এলাকায় অবৈধ চুলার সংযোগ দিয়ে অর্থ আদায়ের মাধ্যমে আপনি জনাব কাওসার আহমেদ এর
অবৈধ গ্যাস কারচুপির সাথে সংশ্লিষ্টতা প্রমাণিত হওয়ায় আপনাদের অংশীদারী ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স বরিশাল
গ্যাস কনস্ট্রাকশন কোং, বি-৫০/২, বাড্ডা, ভাটপাড়া, সাভার, ঢাকা, শ্রেণী/কোড: ১.৩/০৭৫ কে তালিকাভুক্তি তফসিলের
পরিচ্ছেদ-৩ এর তালিকাভুক্তি শর্ত ৩.১২ অনুযায়ী কালো তালিকা ভুক্তি করা হল।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হল।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,

১৫-১২-২০২৪

প্রকৌ. মো. এনামুল হক ভূঁইয়া
উপমহাব্যবস্থাপক

নম্বর: ২৮.১৩.০০০০.১৯২.৯৯.০৪৪.২৪.১৬৯/১ (৫)

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
১৫ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাব্যবস্থাপক (সকল)।
- ২। উপমহাব্যবস্থাপক (সকল)।
- ৩। ব্যবস্থাপক (কারিগরি)- সকল।
- ৪। ব্যবস্থাপক (হিসাব) সকল।।
- ৫। ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, তিতাস গ্যাস ট্রান্সমিসন এণ্ড ডিস্ট্রিবিউশন পিএলসি।



১৫-১২-২০২৪

প্রকৌ. মো. এনামুল হক ভূঁইয়া
উপমহাব্যবস্থাপক